



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/ ৪৪১

তারিখ: ২৬/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুপার পদের দায়িত্ব হস্তান্তর পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/১০৬৮০; তারিখঃ ১৮/০৯/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.০৩.০১৭.১৬-১০৪০; তারিখঃ ২৮/০৬/২০১৭খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/১০৬৩৭/৪; তারিখঃ ২০/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি বাতিল পূর্বক নতুন কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের সাথে মাননীয় সংসদ সদস্য, ৬৩ সিরাজগঞ্জ-২ অধ্যাপক ডাঃ মোঃ হাবিবে মিল্লাত এম.পি মহোদয়ের ডিও লেটার এবং মাদরাসা সংশ্লিষ্ট এলাকাবাসীর আবেদন সংযুক্ত রয়েছে। প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটি কর্তৃক মাদরাসার সুপার জনাব মোঃ মোজাম্মেল হক এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার না করা, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ অমান্য করে সহ-সুপার থাকা সত্ত্বেও শরীর চর্চা শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান, গোপনে অবৈধভাবে ম্যানেজিং কমিটি অনুমোদন গ্রহণের বিষয়ে উল্লেখ করা হয়েছে।

২) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত পত্র, মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার এর সুপারিশ এর আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ অনুযায়ী ১০ (দশ) দিনের মধ্যে সুপারের অবর্তমানে সুপার পদের দায়িত্ব সহ-সুপারকে বুঝিয়ে দিয়ে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে তাঁকে অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে সুপারের দায়িত্ব বুঝিয়ে দেয়া সম্ভব নয় মর্মে জবাব প্রদান করেছেন, যা বোর্ডের আদেশ অমান্য করার সামিল।

বর্ণিত অবস্থায় আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সুপারের অবর্তমানে সুপার পদের দায়িত্ব সহ-সুপারকে বুঝিয়ে দিয়ে বোর্ডকে অবহিত করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হলো। ব্যর্থতায় তাঁর বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্যও অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ভারপ্রাপ্ত সুপার, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/ ৪৪১

তারিখ: ২৬/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ।
(উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।
৫. সহ-সুপার, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

স্বাঃ
২৬/১০/১৭

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪